# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ২. ১৫. লাখে লাখে মরে সৈন্য কাতারে কাতার!

আমরা দেখেছি যে, শলোমনের পরে ইহুদিদের রাজ্য দুভাগ হয়ে যায়। রাজা অবিয় (Abijah) যিহূদা বা এহূদা রাজ্যের রাজা ও ইয়ারাবিয়াম (Jeroboam) ইসরায়েল রাজ্যের রাজা। অবিয় ৪ লক্ষ সৈন্য পাঠালেন ইয়ারবিয়ামের ৮ লক্ষর বিরুদ্ধে (২ খান্দাননামা ১৩/৩)। তাহলে মোট ইহুদি যোদ্ধা ১২ লক্ষ। প্রত্যেক যোদ্ধার যদি একজন স্ত্রী ও দুজন বৃদ্ধ পিতামাতা বা দুজন সন্তান থাকে তবে আরো ৩৬ লক্ষ মানুষ। মোট ৪৮ লক্ষ ইহুদি। একটা অসম্ভব সংখ্যা।

উপরের দু’ ইহুদি রাজার এক যুদ্ধে এহুদা রাজ্যের সৈন্যরা ইসরাইল রাজ্যের ৫ লক্ষ সৈন্য হত্যা করল! “এহুদার লোকেরা রণনাদ করে উঠলো... আল্লাহ অবিয়ের ও এহুদার সম্মুখে ইয়ারাবিম ও সমস্ত ইসরাইলকে আঘাত করলেন। ... অবিয় ও তাঁর লোকেরা মহাবিক্রমে ওদেরকে সংহার করলেন; বস্তুত ইসরাইলের পাঁচ লক্ষ মনোনীত লোক মারা পড়লো।” (২ খান্দাননামা ১৩/১৭, মো.-১৩)

এক যুদ্ধে এক পক্ষ অন্য পক্ষের ৫ লক্ষ বাছাই করা সৈন্য মারল! বিজয়ী পক্ষের কত জন মরল? প্রতি মিনিটে কতজন করে মারা হল? দ্বিতীয় বিশ্বযুদ্ধেও কোনো একক যুদ্ধক্ষেত্রে এত সৈন্য মারা যায়নি। নাগাসাকি ও হিরোশিমায় পারমাণবিক বোমা মেরেও এত মানুষ মারা যায়নি!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14502

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন